# আটোয়ারী উপজেলা পরিষদের জুন ২০২৪ মাসের মাসিক সাধারন সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আনিছুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী, পঞ্চগড় ।
সভার স্থান : উপজেলা পরিষদ হলরুম।
তারিখ ও সময় : ৩০/০৬/২০২৪ খ্রিঃ, সময় ঃ সকাল ১২.০০টা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা রেজিষ্টারে সংরক্ষিত।

(ক) বিগত সভার কার্যবিবরনী পঠন ও অনুমোদন।

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী গত মাসের মাসিক সাধারন সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নবর্নিত আলোচ্যসূচী অনুযায়ী আলোচনার জন্য সকলকে আহ্বান জানানো হয়।

অন্যান্য আলোচ্যসূচীসমূহ ঃ ১

(খ) বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(গ) উপজেলার রাজস্ব আয়-ব্যয় হিসাব সংক্রান্ত।
(ঘ) বিবিধ।

## খ) বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

| ক্রমিক | দপ্তরের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর | **উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী জানান,**<br>১। উপজেলার সকল দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ডের ছবিসহ হালনাগাদ তথ্য আপলোড করে ওয়েব সাইট (www.atwari.panchagarh.gov.bd) হালনাগাদ রাখতে হবে। এছাড়া প্রতিটি দপ্তরের ওয়েবসাইট ১০০% হালনাগাদ করার লক্ষ্যে প্রত্যেক দপ্তর প্রধান ব্যবস্থা গ্রহণ করবেন। প্রতিবেদন দাখিল করার জন্য সকল দপ্তর প্রধান এবং সহকারী প্রোগ্রামার আটোয়ারী কে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহনের জন্য পরামর্শ প্রদান করা হলো। | সিদ্ধান্ত-১ প্রতিটি দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ করে প্রতি মাসে প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হলো। | দপ্তর প্রধান সকল আটোয়ারী ও সহকারী প্রোগ্রামার আটোয়ারী। |
| | | ২। সরকারি সেবায় গতিশীলতা আনতে ও জনগণের দোঁড়গোড়ায় সরকারি সেবা দেওয়ার লক্ষে প্রত্যেক দপ্তরের কর্মকর্তার জন্য গ্রামীণফোন সিম ক্রয় এবং বিতরণ করা হয়েছে। প্রত্যেক দপ্তরের whatsapp, মোবাইল নম্বর ও e-mail নম্বর খোলা সহ নিয়মিত চেক করারজন্য পরামর্শ প্রদান করা হলো। | সিদ্ধান্ত-২ প্রত্যেক দপ্তরের whatsapp, মোবাইল নম্বর ও e-mail নম্বর নিয়মিত চেক করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সকল দপ্তর প্রধান আটোয়ারী। |
| | | ৩। অফিসের নোটিশ, চিঠিপত্র নিজ দপ্তরের ওয়েবসাইট whats app, ও e-mail নম্বরে প্রেরণ করার পরামর্শ প্রদান করা হলো। | সিদ্ধান্ত-৩ অফিসের নোটিশ, চিঠিপত্র অনলাইনে whatsapp, ও e-mail নম্বরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সকল দপ্তর প্রধান আটোয়ারী। |
| | | ৪। জনগণকে ন্যায়বিচার প্রদান সহ হয়রানি ব্যতিরেকে প্রতিটি ইউনিয়ন পর্যায়ের জমি জমা সংক্রান্ত সকল অভিযোগ স্থানীয়ভাবে এবং ইউনিয়ন পরিষদে মীমাংসার জন্য ইউপি চেয়ারম্যানদের পরামর্শ প্রদান করা হলো। | সিদ্ধান্ত-৪.ইউনিয়ন পর্যায়ের জমি জমা সংক্রান্ত সকল অভিযোগ স্থানীয়ভাবে এবং ইউনিয়ন পরিষদে মীমাংসার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী। ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান,আটোয়ারী |
| | | ৫। নিরাপদ খাদ্য ভোক্তার অধিকার উদাহরণস্বরূপ বলা যায়, কাপড়ের রং খাদ্যে বা পানীয়ের মধ্যে ব্যবহার, মাছ ও ফল দ্রুত না পঁচতে রাসায়নিকের ব্যবহার ইত্যাদি। নিরাপদ খাদ্য আইনে নিরাপদ খাদ্য বলতে প্রত্যাশিত ব্যবহার ও উপযোগিতা অনুযায়ী মানুষের জন্য বিশুদ্ধ ও স্বাস্থ্যসম্মত আহার্যকে বুঝানো হয়েছে। খাদ্যে ভেজাল নিরসনে সকল দপ্তর সহ জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষন অধিদপ্তর কে অভিযান পরিচালনা করার জন্য পরামর্শ প্রদান করা হলো। | সিদ্ধান্ত-৫. খাদ্যে ভেজাল নিরসনে সকল দপ্তর সহ জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষন অধিদপ্তর কে অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হলো। | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষন অধিদপ্তর এবং সকল দপ্তর প্রধান। |
| | | ৬। সর্বজনীন পেনশন স্কিম মাননীয় প্রধানমন্ত্রীর জনসাধারণের নিরাপদ ভবিষ্যৎ উন্নয়ন কৌশলের একটি গুরুত্বপূর্ন সংযোজন এবং কল্যাণমূলক রাষ্ট্র প্রতিষ্ঠায় একটি মাইলফলক। তার ধারাবাহিকতায় এই সর্বজনীন পেনশন স্কিম সকল শ্রেণীর মানুষদের দ্বারে পৌছানোর জন্য উপজেলা প্রশাসনের সকল কর্মকর্তা/কর্মচারীদের অনুরোধ জানান। | সিদ্ধান্ত-৬. সর্বজনীন পেনশন স্কিম মাননীয় প্রধানমন্ত্রীর জনসাধারণের নিরাপদ ভবিষ্যৎ উন্নয়ন কৌশলের একটি গুরুত্বপূর্ন সংযোজন এবং কল্যাণমূলক রাষ্ট্র প্রতিষ্ঠায় একটি মাইলফলক। তার | উপজেলা প্রশাসনের সকল কর্মকর্তা/কর্মচারী আটোয়ারী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ধারাবাহিকতায় এই সর্বজনীন পেনশন স্কিম সকল শ্রেণীর মানুষদেও দ্বারে পৌঁছানোর সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও প: প: দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান যে, বর্তমানে হাসপাতালে রোগীর চাপ বেশি। প্রচন্ড গরমে বয়স্ক, শিশু সহ জ্বর ও অন্যান্য রোগে আক্রান্ত হচ্ছে। জনবল কম থাকায় একটু চাপ বাড়ছে। উপজেলা পরিষদ থেকে দৈনিক ভিত্তিতে কর্মচারী প্রদান করার জন্য সভায় অনুরোধ জানান। র‍্যাবেল ভাইপার টিকা মজুদ রয়েছে। সবাইকে রাতে অন্ধকারে না চলাচল করার জন্য অনুরোধ জানান। এছাড়া এই উপজেলায় রেজি: বিহীন অনেক ডায়াগনস্টিক সেন্টার রয়েছে। তাদের কার্যক্রম বন্ধ সহ অভিযান পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী কে অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী উপজেলা সহ সকল পরিত্যক্ত স্থানে ও অন্ধকারে মানুষদের চলাফেরা না করার সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে পরামর্শ প্রদান করেন। | সিদ্ধান্ত-১. উপজেলা সহ সকল পরিত্যক্ত স্থানে ও অন্ধকারে মানুষদের চলাফেরা না করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>সিদ্ধান্ত-২. রেজি: বিহীন ডায়াগনস্টিক সেন্টারে কার্যক্রম বন্ধ সহ অভিযান পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা আটোয়ারী।<br><br>উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা আটোয়ারী। |
| ৩ | উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা,আটোয়ারী সভায় জানান যে, এই উপজেলায় চলতি মাসে ১৪০০ জন প্রান্তিক কৃষককে রোপা আমন বীজ সার প্রনোদনা প্রদান করা হয়েছে। অতি বর্ষণে রোপা বীজ তলা ডুবে গেছে। উপজেলায় সারের মজুদ সন্তোষজনক। বীজ মৌসুমে প্রাকৃতিক দূর্যোগ সহ কারেন্ট পোকা প্রতিরোধে ব্যানার, লিফলেট, বিতরণ সহ পরামর্শ প্রদান চলছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী এই বর্ষার জলাবদ্ধতায় ফসলের যেন ক্ষতি না হয় সে জন্য মাঠ পর্যায়ের কৃষি কর্মকর্তাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা কৃষি কর্মকর্তা,আটোয়ারী কে পরামর্শ প্রদান করেন। | সিদ্ধান্ত-১. সব মৌসুমে প্রাকৃতিক দূর্যোগ সহ কারেন্ট পোকা প্রতিরোধে ব্যানার, লিফলেট, বিতরণ সহ পরামর্শ চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>সিদ্ধান্ত-২. বর্ষার জলাবদ্ধতার ফসলের যেন ক্ষতি না হয় সে জন্য মাঠ পর্যায়ের কৃষি কর্মকর্তাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা আটোয়ারী।<br><br>উপজেলা কৃষি কর্মকর্তা আটোয়ারী ও উপসহকারী কৃষি কর্মকর্তা, আটোয়ারী |
| ৪ | উপজেলা প্রাণীসম্পদ দপ্তর | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান যে,<br>১। আটোয়ারী উপজেলা প্রাণীসম্পদ অফিসে পল্লী বিদ্যুতের লাইনের কিছু তার ঝুলন্ত অবস্থায় রয়েছে। যা সেবা নিতে আসা গবাদি প্রাণী ও মানুষের জন্য বিপদজনক। জরুরী ভিত্তিতে বিদ্যুৎ তার মেরামত করার জন্য সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, আটোয়ারী কে অনুরোধ জানান।<br>২। কসাই নিবন্ধন করার জন্য চিঠি এসেছে। কিন্তু আটোয়ারী উপজেলার কসাই সমিতি নিবন্ধন মনোযোগী না হওয়ায় নিবন্ধন করা সম্ভব হচ্ছে না।<br>৩। উপজেলার বিভিন্ন ইউপিতে গবাদি পশুদের খুরা, এলএসডি এবং পিপিআর রোগের টিকাপ্রদান চলমান রয়েছে। প্রতিটি গবাদি পশুদের সুস্থ অবস্থায় ভ্যাকসিন নেয়ার জন্য অনুরোধ জানান।<br>৪। এছাড়া রোগ প্রতিরোধে মেডিকেল ক্যাম্প, উঠান বৈঠক, টিকা প্রদান,কৃত্রিম প্রজনন, ঘাস চাষ কার্যক্রম চলমান রয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br><br>সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী প্রয়োজনে আটোয়ারী উপজেলার কসাই সমিতির সাথে সভা করে নিবন্ধন কার্যক্রম ব্যবস্থা গ্রহণে উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, আটোয়ারী পরামর্শ প্রদান করেন। | সিদ্ধান্ত-১. উপজেলা প্রাণীসম্পদ অফিসে পল্লী বিদ্যুতের লাইনের ঝুলন্ত তার মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সিদ্ধান্ত-২. আটোয়ারী উপজেলার কসাই নিবন্ধন করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সিদ্ধান্ত-৩.রোগ প্রতিরোধে প্রতিটি গবাদি পশুদের সুস্থ অবস্থায় ভ্যাকসিন নেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সিদ্ধান্ত-৪. রোগ প্রতিরোধে মেডিকেল ক্যাম্প, উঠান বৈঠক, টিকা প্রদান,কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, আটোয়ারী<br><br>উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, আটোয়ারী<br><br>উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, আটোয়ারী<br><br>উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, আটোয়ারী |
| ৫ | উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা,আটোয়ারী সভায় জানান যে, আগামী ৩০ জুলাই হতে ৫ আগস্ট জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৪ উদযাপন করা হবে। জাতীয় মৎস্য সপ্তাহে অভয়াশ্রম ও আশ্রয়ণে মৎস্য পোনা অবমুক্ত করা হবে।<br>২। উপজেলায় মৎস্য চাষে পুকুরে লিটার/হাস মুরগীর বৃষ্ঠা ব্যবহার না করার জন্য সভায় অনুরোধ জানান। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী উপজেলায় রিং জাল ও কারেন্ট জাল ব্যবহারকারীদের আইনের আওতায় আনার জন্য অফিসার ইনচার্জ আটোয়ারী থানা ও উপজেলা মৎস্য কর্মকর্তা আটোয়ারী পরামর্শ প্রদান করেন। | সিদ্ধান্ত-১. আগামী ৩০ জুলাই হতে ৫ আগস্ট জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৪ উদযাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সিদ্ধান্ত-২. উপজেলায় মৎস্য চাষে পুকুরে লিটার/হাস মুরগীর বৃষ্ঠা ব্যবহার না করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সিদ্ধান্ত-৩. উপজেলায় রিং জাল ও কারেন্ট জাল ব্যবহারকারীদের আইনের আওতায় আনার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা,আটোয়ারী<br><br>উপজেলা মৎস্য কর্মকর্তা,আটোয়ারী<br><br>অফিসার ইনচার্জ আটোয়ারী থানা ও উপজেলা মৎস্য কর্মকর্তা,আটোয়ারী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | স্থানীয় সরকার প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী আটোয়ারী সভায় জানান যে,<br>১। ক) ননমিউনিসিপাল প্রকল্পের আওতায় ফকিরগঞ্জ বাজারের জলাবদ্ধতা নিরসনের জন্য ১৮৬ মিটার ড্রেন নির্মাণ।<br>খ) ফকিরগঞ্জ বাজারের টয়লেট স্থাপন।<br>গ) উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক ও সেটেলমেন্ট অফিসের পার্শে টয়লেট স্থাপন।<br>ঘ) সাব রেজিষ্টার কার্যালয়ে পার্শে টয়লেট স্থাপন।<br>ঙ) ফকিরগঞ্জ বাজারের হাটসেড নির্মান এবং ডিপিপি বরাদ্দ সাপেক্ষা অনুমোদনসহ প্রাক্কলন প্রেরণের জন্য অনুরোধ জানান।<br>২) চলতি অর্থ বছরের রাস্তা পাকা করণ কাজের বরাদ্দকৃত রাস্তার দুপার্শে গাছ সমূহ দ্রুত টেন্ডার ও অপসারন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও আটোয়ারী কে অনুরোধ জানান।<br>৩) উপজেলার আধুনিকায়ন অফিসার্স ক্লাব ও গেস্ট হাউস টির কাজ চলমান রয়েছে।<br>৪) ২০২৩-২৪ অর্থ বছরের এডিপির সকল দরপত্র ও পিআইসি প্রকল্পের কাজ ৩০ জুনের মধ্যে শেষ করার সহযোগিতা কামনা করেন। | সিদ্ধান্ত-১. "ক হতে ঙ" পর্যন্ত ডিপিপি বরাদ্দ সাপেক্ষা অনুমোদন করা হলো, এবং প্রাক্কলন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সিদ্ধান্ত-২. বরাদ্দকৃত রাস্তার দুপার্শেও গাছ সমূহ দ্রুত অপসারন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সিদ্ধান্ত-৩.উপজেলার আধুনিকায়ন অফিসার্স ক্লাব ও গেস্ট হাউস টির কাজ চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সিদ্ধান্ত-৪. ২০২৩-২৪ অর্থ বছরের এডিপির সকল দরপত্র ও পিআইসি প্রকল্পের কাজ আগামী ৩০ জুনের মধ্যে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী আটোয়ারী।<br>উপজেলা নির্বাহী অফিসার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ,আটোয়ারী।<br>উপজেলা প্রকৌশলী আটোয়ারী।<br>উপজেলা প্রকৌশলী আটোয়ারী। |
| ৭ | আটোয়ারী থানা | অফিসার ইনচার্জ আটোয়ারী থানা,সভায় জানান যে, উপজেলায় আইন শৃংখলা ভাল। আটোয়ারী উপজেলায় অপ্রীতিকর ঘটনা রোধে টহল বাড়ানো হয়েছে। এখন ২টি টহল পাটি রাতে ডিউটি করে। জরুরী আইনি সেবা পাওয়ার জন্য ৯৯৯ বা পুলিশ কে ফোন করার জন্য অনুরোধ জানান। এছাড়া এলাকায় সচেতনতা সৃষ্টির জন্য বিট পুলিশিং সেবা চালানো হচ্ছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী আটোয়ারী উপজেলার প্রতিটি ইউনিয়ন পর্যায়ের জমি জমা সংক্রান্ত সকল মামলা মোকদ্দমা স্থানীয়ভাবে এবং ইউনিয়ন পরিষদে মীমাংসার জন্য অভিযোগ সমুহ ইউপি চেয়ারম্যানদের নিকট প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করেন। | সিদ্ধান্ত-১.এলাকায় সচেতনতা সৃষ্টির জন্য বিট পুলিশিং সেবা চালানো সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সিদ্ধান্ত-২. আটোয়ারী উপজেলার প্রতিটি ইউনিয়ন পর্যায়ের জমি জমা সংক্রান্ত সকল মামলা মোকদ্দমা স্থানীয়ভাবে এবং ইউনিয়ন পরিষদে মীমাংসার জন্য অভিযোগ সমুহ ইউপি চেয়ারম্যানদের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | অফিসার ইনচার্জ, আটোয়ারী থানা।<br>অফিসার ইনচার্জ, আটোয়ারী থানা ও সকল ইউপি চেয়ারম্যান, আটোয়ারী |
| ৮ | উপজেলা হিসাব রক্ষণ দপ্তর | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,আটোয়ারী। |
| ৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান এইচ এস সি পরীক্ষা চলছে। মন্ত্রণালয় কর্তৃক প্রতিটি বিদ্যালয়ে ১০ টি করে বৃক্ষ রোপন করার নির্দেশনা পাওয়া গেছে। নির্দেশনা অনুযারী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | মন্ত্রণালয় কর্তৃক প্রতিটি বিদ্যালয়ে ১০ টি করে বৃক্ষ রোপন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আটোয়ারী। |
| ১০ | উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা কর্মকর্তা,আটোয়ারী সভায় জানান যে, প্রায় ১৬ টি বিদ্যালয়ে মাইনর মেরামত করার জন্য বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা প্রকৌশলী আটোয়ারীর সাথে প্রাক্কলন প্রস্তুত সহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | প্রায় ১৬ টি বিদ্যালয়ে মাইনর মেরামত প্রকল্পে প্রাক্কলন প্রস্তুত সহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা আটোয়ারী। |
| ১১ | উপজেলা খাদ্য দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আটোয়ারী সভায় জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আটোয়ারী। |
| ১২ | উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায়কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা সমবায় কর্মকর্তা, আটোয়ারী |
| ১৩ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আটোয়ারী |
| ১৪ | পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাআটোয়ারী। |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আটোয়ারী সভায় জানান যে, টিআর কাবিখা, এইচবিবি করণ, ব্রীজ সকল কাজ চলমান রয়েছে। জরুরী ভাবে প্রকল্পের কাজ শেষ করার জন্য দ্রুত শেষ করা হবে। | উপজেলার টিআর, কাবিখা, এইচবিবি করণ রাস্তার চলমান কাজ সমুহ শেষ করার সিদ্ধান্ত | উপজেলা প্রকল্প বাস্তবায়নকর্মকর্তা আটোয়ারী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। বীর মুক্তিযোদ্ধাদের বীর নিবাস ০৩ টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী কে অনুরোধ জানান। এছাড়া অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | গৃহীত হলো। | |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,আটোয়ারী সভায় জানান যে,ভ্রাম্যমান কম্পিউটার প্রশিক্ষণ চলমান রয়েছে। অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটোয়ারী |
| ১৭ | উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা,আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, আটোয়ারী। |
| ১৮ | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,আটোয়ারী সভায় জানান যে, অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটোয়ারী। |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা আটোয়ারী। |
| ২০ | উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান যে, অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা আটোয়ারী। |
| ২১ | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার, আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার, আটোয়ারী |
| ২২ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন দপ্তর | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা আটোয়ারী। |
| ২৩ | জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), আটোয়ারী সভায়জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় কমিউনিটি পানির উৎসের নির্মান কাজ চলমান রয়েছে। পিইডিপি-4 প্রকল্পের আওতায় প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক এর কাজ চলমান রয়েছে। অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), আটোয়ারী |
| ২৪ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা আটোয়ারী। |
| ২৫ | উপজেলা সেটেলমেন্ট দপ্তর | সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা, আটোয়ারী সভায় অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী জনগনের হয়রানি মুক্ত পরিবেশে দালাল হতে সাবধান হওয়ার জন্য উপজেলা সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা আটোয়ারী কে পরামর্শ প্রদান করেন। | জনগনের হয়রানি মুক্ত পরিবেশে তৈরির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা, আটোয়ারী |
| ২৬ | বন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ আটোয়ারী সভায় জানান অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ,আটোয়ারী। |
| ২৭ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটোয়ারী সভায় জানান অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটোয়ারী |
| ২৮ | ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, আটোয়ারী। |
| ২৯ | পল্লী বিদ্যুৎ সমিতি | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি আটোয়ারী। |
| ৩০ | আইসিটি দপ্তর | সহকারী প্রোগ্রামার, (আইসিটি) আটোয়ারী সভায় উপজেলার সকল দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ডের ছবিসহ এবং হালনাগাদ তথ্য আপলোড করে ওয়েব সাইট হালনাগাদ রাখার অনুরোধ জানান। এছাড়া প্রতিটি দপ্তরের ওয়েবসাইট ১০০% হালনাগাদ করার লক্ষ্যে প্রত্যেক দপ্তর প্রধানগণ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। অফিসের নোটিশ, চিঠিপত্র নিজ দপ্তরের ওয়েবসাইট whats app. ও e-mail নম্বরে প্রেরণ করার জন্য অনুরোধ জানান। | প্রতিটি দপ্তরের ওয়েবসাইট ১০০% হালনাগাদ করার লক্ষ্যে প্রত্যেক দপ্তর প্রধানগণ ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | দপ্তর প্রধান সকল আটোয়ারী<br>ও<br>সহকারী প্রোগ্রামার আটোয়ারী। |
| ৩১ | পাট উন্নয়ন দপ্তর | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, আটোয়ারী |
| ৩২ | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন বিভাগ, আটোয়ারী সভায় অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপ সহকারী প্রকৌশলী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন বিভাগআটোয়ারী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৩ | তথ্য সেবা কেন্দ্র | তথ্য সেবা কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান যে, অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | তথ্য সেবা কর্মকর্তা, আটোয়ারী। |
| ৩৪ | ইউজিডিপি বিভাগ | উপজেলা ফ্যাসিলিটেটর, ইউজিডিপি বিভাগ, আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা ফ্যাসিলিটেটর, আটোয়ারী |
| ৩৫ | সভাপতি, কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) | জনাব. মোঃ এমদাদুল হক, সভাপতি, কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সভাপতি, উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি |
| ৩৬ | মুক্তিযোদ্ধা সংসদ | বীর মুক্তিযোদ্ধা মোঃ নজরুল ইসলাম, সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, আটোয়ারী জানান যে, আটোয়ারী উপজেলার সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | মুক্তিযোদ্ধা সংসদ, আটোয়ারী। |
| ৩৭ | বোদা পৌরসভা | মেয়র প্রতিনিধি, বোদা পৌরসভা, সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | মেয়র প্রতিনিধি, বোদা পৌরসভা |
| ৩৮ | ১নং মির্জাপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মির্জাপুর, ইউনিয়ন পরিষদ, আটোয়ারী, সভায় জানান যে, তাঁর ইউপির সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | চেয়ারম্যান, মির্জাপুর, ইউনিয়ন পরিষদ |
| ৩৯ | ২নং তোড়িয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, তোড়িয়া, ইউনিয়ন পরিষদ, আটোয়ারী সভায় জানান যে, তোড়িয়া ইউপির বিভিন্ন গ্রামে অতি বৃষ্টির কারনে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। কিছু পরিবার ক্ষতিগ্রস্থ হচ্ছে। পানি নিষ্কাশনের জন্য আইনগত ভাবে সাহার্য দরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারীকে অনুরোধ জানান। তোড়িয়া বাজারের হাট সেডের টিন সমুহ জরুরী পরিবর্তন করার জন্য সভায় অনুরোধ জানান। আটোয়ারী টু তোড়িয়া যাওয়ার রাস্তায় কাঁচামাল হাটিতে দোকানদারা হাটসেড ছেড়ে রাস্তায় এসে দোকান করছে। এতে যানজট সৃষ্টি হচ্ছে । রাস্তার ড্রেনে ময়লা আবর্জনা ফেলার কারনে ড্রেন সমূহ বন্ধ করছে। তাঁদের রাস্তা থেকে হাট সেডের ঘরে ব্যবসা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারীকে অনুরোধ জানান। এছাড়া কসাই পট্টি ০২ টি হাট সেডের ঘর ব্যবহার করছে। জবাই করা পশুর বর্জ্য ভালভাবে অপসারন না করায় এলাকাটি ব্যবহারের অনুপযোগি হয়ে আছে। এর সঠিক ব্যবহার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। ইউপির অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-১. অতি বৃষ্টির কারনে জলাবদ্ধতা নিরশনে ক্ষতিগ্রস্থ পরিবারের সাহার্যে পানি নিষ্কাষনের জন্য আইনগত ভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>সিদ্ধান্ত-২. তোড়িয়া যাওয়ার রাস্তায় কাঁচামাল ব্যবসায়ীদের রাস্তা থেকে হাট সেডের ঘরে ব্যবসা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>সিদ্ধান্ত-৩. কসাই পট্টিতে জবাই করা পশুর বর্জ্য ভালভাবে অপসারন সহ এর সঠিক ব্যবহার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী ও চেয়ারম্যান, তোড়িয়া ইউনিয়ন পরিষদ<br><br>উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী<br><br>উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী |
| ৪০ | ৩নং আলোয়াখোয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, আলোয়াখোয়া, ইউনিয়ন পরিষদ, আটোয়ারী জানান যে, তাঁর ইউপির অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ৪১ | ৪নং রাধানগর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, রাধানগর, ইউনিয়ন পরিষদ, আটোয়ারী সভায় জানান যে, তাঁর ইউপির সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | চেয়ারম্যান, রাধানগর ইউনিয়ন পরিষদ। |
| ৪২ | ৫নং বলরামপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বলরামপুর ইউনিয়ন পরিষদ, সভায় জানান যে, তাঁর ইউপির সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | চেয়ারম্যান, বলরামপুর ইউনিয়ন পরিষদ। |
| ৪৩ | ৬নং ধামোর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ধামোর ইউনিয়ন পরিষদ, সভায় জানান যে, তাঁর ইউপির অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | | চেয়ারম্যান, ধামোর ইউনিয়নপরিষদ। |
| ৪৪ | উপজেলা পরিষদ | উপজেলা প্রকৌশলী আটোয়ারী জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৩ সেপ্টেম্বর ২০২৩ ইং তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০৩.১৬-৫১৫ নং স্মারক মোতাবেক আটোয়ারী উপজেলার উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারীর বাসভবনের দক্ষিণ ও পশ্চিম পাশের নতুন সীমানা প্রাচীর উর্ধ্বমূখী সম্প্রসারন ও নতুন সীমানা প্রাচীর নির্মান বাবদ প্রাক্কলিত মূল্য ১৪,৯০,৫৬৫/- টাকা প্রকল্প বাস্তবায়নের অনুমতি পাওয়া যায়। সেই মোতাবেক মেসার্স রেনকো ট্রেডার্স, আশ্রমপাড়া ঠাকুরগাঁও কে ১ম বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়। পরবর্তিতে চুড়ান্ত বিল দেওয়ার সময় ভূলক্রমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে না প্রদান করে উপজেলা উন্নয়ন হতে প্রদান করা হয়। যাহার চেক নং ৬০০১৫২৪৪৬৭৮ তাং ২১-০৫-২০২৪ মোট বিল ৬,৮৮,৬২০/-টাকা। ৭.৫% ভ্যাট বাবদ চেক নং ৬০০১৫২৪৪৭৯ মোট ৬৪৯৬৪/- টাকা এবং ৩% আয়কর বাবদ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারীর বাসভবনের দক্ষিণ ও পশ্চিম পাশের নতুন সীমানা প্রাচীর উর্ধ্বমূখী সম্প্রসারন ও নতুন সীমানা প্রাচীর নির্মান বিলটি ভূলক্রমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে না প্রদান করে উপজেলা উন্নয়ন হতে প্রদান করা হলে বিষয়টি দৃষ্টিগোচর ও সংশোধনপূর্বক উক্ত টাকা টি ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সমন্বয় করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী, উপজেলা প্রকৌশলী আটোয়ারী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | দুস্থিতাবস্থা থেকে উক্ত টাকা টি ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সমন্বয় করার জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী এবং সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী মহোদয়কে অনুরোধ জানান। | | |
| | | উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী, জানান যে, উপজেলায় অনেক রাস্তা ঘাট খারাপ রয়েছে। রাস্তা ঘাটগুলোর তালিকা তৈরি করে সকল ইউপি চেয়ারম্যান এবং উপজেলা প্রকৌশলী আটোয়ারী কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সভায় অনুরোধ জানান। উপজেলা পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রাস্তা ঘাটগুলোর তালিকা তৈরি করে সকল ইউপি চেয়ারম্যান এবং উপজেলা প্রকৌশলী আটোয়ারী কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী |
| | | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী, জানান যে, অতি বৃষ্টির কারণে অনেক স্থানে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। অনেক গরীব পরিবার কষ্টে দিন যাপন করছে। উপজেলা থেকে শুকনা খাবার সরবরাহের জন্য উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী কে অনুরোধ জানান। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | অতি বৃষ্টির কারণে গরীব পরিবারগুলোর উপজেলা থেকে শুকনা খাবার সরবরাহের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী |

(গ) উপজেলার রাজস্ব আয়-ব্যয় সংক্রান্ত ঃ

আলোচনায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বিভিন্ন আয় ও ব্যয়ের হিসাব নিম্নরূপে আলোচনা করা হলো-

আয় ঃ গত ৩০/০৫/২০২৪ তারিখ হতে ৩০/০৬/২০২৪ তারিখ পর্যন্ত বাসাবাড়ী, অফিস ও দোকান ভাড়া, ভূমি হস্তান্তর করের ১% হতে আয় সহ বর্তমানে স্থিতি = ১৭,২১,৮২৪.৪৭ /-টাকা।

- উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের প্রাপ্ত আয় (অব্যয়িত অর্থ) মোট স্থিতি = ১৭,২১,৮২৪.৪৭ /-টাকা হতে ১০% (১৭২১৮২.৪০) অবশিষ্ট রেখে উদ্বৃত্ত অর্থ (১৫,৪৯,৬৪১.৬৭/-) টাকা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তর করার প্রস্তাব উপস্থাপন করা হয়।
- সিদ্ধান্ত- উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে রাজস্ব তহবিলের উদ্বৃত্ত অর্থ (১৫,৪৯,৬৪১.৬৭/-) টাকা স্থানান্তর করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

ব্যয় ঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে গত ৩০/০৫/২০২৪ তারিখ হতে ২৯/০৬/২০২৪ তারিখ পর্যন্ত নিম্নলিখিত ব্যয় হয়েছে। ব্যয় সমূহ অনুমোদনের জন্য সভায় প্রস্তাব আনীত হয়।

## নোটশীট-২৮

অনুচ্ছেদ নং:৪৬ সদয় উল্লেখ্য যে, আটোয়ারী উপজেলা পরিষদের উপজেলা রাজস্ব তহবিল হতে উল্লেখিত উপজেলা পরিষদের বিল প্রদানের নিমিত্ত বিলের বিবরণ নিম্নরূপে উল্লেখ করা হলো:

| ক্রঃ নং | বিলের বিবরণ | বিল |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রুমের সামনে বসার পাবলিক ওয়েটিং চেয়ার ক্রয় | ২৫০০০ |
| ০২ | উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান রুমের সামনে বসার পাবলিক ওয়েটিং চেয়ার ক্রয় | ২৫০০০ |
| ০৩ | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়ের ২০২২-২৩ অর্থ বছরের ১৭ টি স্থায়ী কমিটির আপ্যায়ন ব্যয় | ৯৬০০০ |
| | সর্বমোট ব্যয় বিল | ১৪৬০০০ |

## নোটশীট-২৯

অনুচ্ছেদ নং:৪৯ সদয় উল্লেখ্য যে, আটোয়ারী উপজেলা পরিষদের উপজেলা রাজস্ব তহবিল হতে উল্লেখিত উপজেলা পরিষদের বিল প্রদানের নিমিত্ত বিলের বিবরণ নিম্নরূপে উল্লেখ করা হলো:

| ক্রঃ নং | বিলের বিবরণ | বিল |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী জুন ২০২৪ মাসের মাসিক সম্মানী ও বাসা ভাড়া। | ৩৫০০০ |
| ০২ | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ,আটোয়ারী জুন ২০২৪ মাসের মাসিক সম্মানী ভাতা। | ২৭০০০ |
| ০৩ | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ,আটোয়ারী জুন ২০২৪ মাসের মাসিক সম্মানী ভাতা। | ২৭০০০ |
| ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারীর জুন/২৪ মাসের ভ্রমন ব্যয় বিল | ৮৭৫০ |
| ০৫ | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ,আটোয়ারীর জুন/২৪ মাসের ভ্রমন ব্যয় বিল | ৫০০০ |
| ০৬ | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ,আটোয়ারীর জুন/২৪ মাসের ভ্রমন ব্যয় বিল | ৫০০০ |
| ০৭ | চেয়ারম্যান,উপজেলা পরিষদ, আটোয়ারীর জীপ গাড়ীর মে/২৪ আংশিক বকেয়া জ্বালানী ব্যয় বিল এবং জুন/২০২৪ জ্বালানী ব্যয় বিল। | ৩২৭৬৬ |

| | | |
|---|---|---|
| ০৮ | উপজেলা পরিষদের দৈনিক হাজিরায় নিয়োজিত ২ জন কর্মচারীর জুন ২০২৪ মাসের হাজিরা বিল। | ৩৩০০০ |
| ০৯ | উপজেলা পরিষদের নিরাপত্তায় নিয়োজিত ০১ জন কর্মচারীর জুন ২০২৪ মাসের হাজিরা বিল। | ৮২৫০ |
| ১০ | উপজেলা পরিষদের জুন, ২০২৪ মাসের আপ্যায়ন বিল | ৩০০০০ |
| ১১ | উপজেলা পরিষদের জুন ২০২৪ মাসের আনুষংগিক বিল | ৫০০০ |
| ১২ | উপজেলা পরিষদ, আটোয়ারীর জুন ২০২৪ মাসের সামাজিক সম্প্রীতি বিল | ২০০০ |
| | সর্বমোট ব্যয় বিল | ২২৮৭৬৬ |

সিদ্ধান্ত : ১ : ব্যয়সমুহ সঠিক থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

আলোচ্যসূচী : (ঝ) বিবিধ।

সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী সভায় বলেন, উপজেলার সকল বিষয় নিয়ে আলোচনা হয়েছে। সকল দপ্তরের কর্মকর্তা ও জনপ্রতিনিধিগণ আলোচনা করেছেন। আটোয়ারী উপজেলার উন্নয়ন নিশ্চিত করার জন্য উপজেলার সকল দপ্তর প্রধান নিজ নিজ দপ্তরের কার্যক্রম যথাসময়ে নিষ্ঠার সাথে পালনসহ প্রধানমন্ত্রী শেখ হাসিনার ২০৪১ সালের মধ্যে একটি উন্নত, সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ গড়ার অঙ্গীকার পুনর্ব্যক্ত করে আটোয়ারী উপজেলার সামগ্রিক উন্নয়ন আশাবাদ ব্যক্ত করেন।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আমিনুর রহমান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটোয়ারী, পঞ্চগড়।
ফোন : ০৫৬৫২-৫৬০৮৯
E-mail: atwari.uzp@gmail.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটোয়ারী, পঞ্চগড়।

স্মারক নং - ০৫.৪৭.৭৭০৪.০০০.০৪.০০৩.২০২৪- ৫৮৮

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩১বঙ্গাব্দ
০৭ জুলাই, ২০২৪ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১। মাননীয় সংসদ সদস্য, পঞ্চগড়-১।
০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, পঞ্চগড়।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পঞ্চগড়।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী, পঞ্চগড়।
০৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী, পঞ্চগড়।
০৮। চেয়ারম্যান, মির্জাপুর/তোড়িয়া/আলোয়াখোয়া/রাধানগর/বলরামপুর/ধামোর ইউ পি, আটোয়ারী, পঞ্চগড়।
০৯। উপজেলা ------------------------------- কর্মকর্তা আটোয়ারী, পঞ্চগড়।
১০। ---------------------------------------------------------------------------------,আটোয়ারী, পঞ্চগড়।

০৭/০৭/২০২৪

মোঃ শাফিউল মাজলুবিন রহমান
উপজেলা নির্বাহী অফিসার
আটোয়ারী,পঞ্চগড়।
মোবাইল নং- ০১৭০৮৩৯৭৭০৭
E-mail: unoatwari@mopa.gov.bd